



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : [banglaacademy.pr@gmail.com](mailto:banglaacademy.pr@gmail.com), [bacademy1955@yahoo.com](mailto:bacademy1955@yahoo.com)

ওয়েব সাইট : [www.banglaacademy.gov.bd](http://www.banglaacademy.gov.bd)

পত্র সংখ্যা :

তারিখ : ১৭.০৭.২০২২

## ভাষাসংগ্রামী বিচারপতি কাজী এবাদুল হকের প্রয়াণে শোকবাণী



বাংলা একাডেমির জীবনসদস্য, বিশিষ্ট লেখক, ভাষাসংগ্রামী বিচারপতি কাজী এবাদুল হক সম্প্রতি প্রয়াত হয়েছেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।

কাজী এবাদুল হক যেমন মহান রাষ্ট্রভাষা বাংলা প্রতিষ্ঠার আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করেছেন তেমনি উচ্চ আদালতে বাংলা ভাষায় রায় প্রদান এবং বাংলায় আইন বিষয়ক পুস্তক রচনায়ও তাঁর অবদান অনন্যসাধারণ।

বাংলা একাডেমির সঙ্গে বিচারপতি কাজী এবাদুল হক নিবিড় বন্ধনে আবদ্ধ ছিলেন। ‘বাংলা একাডেমি আইন-২০১৩’ প্রণয়নে তাঁর ভূমিকা কখনও বিস্মৃত হবার নয়। তাঁর গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি আইন বিষয়ক পুস্তকের প্রকাশক- বাংলা একাডেমি।

বাংলা একাডেমি বিচারপতি কাজী এবাদুল হকের প্রয়াণে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি জ্ঞাপন করছে আন্তরিক সমবেদনা।

মুহম্মদ নূরুল হুদা  
মহাপরিচালক